৫২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাবনা সদর,পাবনা
(www.pabnasadar.pabna.gov.bd)

স্মারক নং ০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০২.২২. ১২৭ তারিখ: ০৭ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ

সভার আমন্ত্রণপত্র

এতদ্বারা পাবনা সদর উপজেলা পরিষদের সম্মানীত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের ফেব্রুয়ারী/ ২০২২ মাসের সাধারন সভা (৩৫তম সভা) আগামী ১৪/০২/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ টায় আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর সভাপতিত্বে উপজেলা পরিষদের এ্যাডভোকেট শেখ শহিদুল্লাহ বাচ্চু স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

ধার্য তারিখ ও সময়ে উক্ত সভায় সম্মানিত সকল সদস্যগনকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৭.০২.২২
তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোন নং ০৭৩১-৬৫৪০৩
ইমেইলঃ unopabna@mopa.gov.bd

সভার আলোচ্য বিষয় সমূহঃ
১। গত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন
২। করোনা ভাইরাস বিষয়ক আলোচনা
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা
৪। বিবিধ

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠ্যক্রম বিবেচ্য নয়) ঃ
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২ পাবনা-৫
২। জেলা প্রশাসক, পাবনা
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৪। মেয়র, পাবনা পৌরসভা
৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
৬। উপজেলা ..............................................................................অফিসার, পাবনা সদর, পাবনা
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পান্নি উন্নয়ন বোর্ড, পাবনা
৮। ডিজিএম, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, আতাইকুলা, পাবনা
৯। চেয়ারম্যান,......................................................................(সকল) ইউনিয়ন পরিষদ, পাবনা সদর, পাবনা
১০। জনাব ......................................................................

# উপজেলা পরিষদ কার্যালয়
## পাবনা সদর,পাবনা

**বিষয়** ঃ **পাবনা সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২০২২ মাসের সাধারণ সভার (৩৫তম সভা) কার্যবিবরণী**

সভাপতি ঃ আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

তারিখ ঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২২

সময় ঃ দুপুর ১১.৩০ টা।

স্থান ঃ এড. শেখ শহিদুল্লা বাচ্চু স্মৃতি মিলনায়তন, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা।

( উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো)

উপস্থিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা এবং স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। তিনি তাঁর স্বাগত বক্তব্যে বলেন যে, ফেব্রুয়ারি মাস ঐতিহাসিক ভাষা আন্দোলনের মাস। ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারী মাতৃভাষার জন্য শহীদ, রফিক, বরকত, ছালামসহ অনেক বীর বাঙ্গালী তাদের জীবন উৎসর্গ করেন। আমরা সবাই ভাষা শহীদদের রুহের মাগফেরাত কামনা করি। পাশাপাশি আজ ১৪ ই ফেব্রুয়ারী বিশ্ব ভালোবাসা দিবস। সন্তানের প্রতি পিতা-মাতার ভালোবাসা, স্বামীর প্রতি স্ত্রীর ভালোবাসা, ভাই এর প্রতি বোনের ভালোবাসা সবাইকে ভালোবাসা দিবসের শুভেচ্ছা। একইসাথে পাবনা সদর উপজেলার ০৯ টি ইউনিয়ন পরিষদের নব নির্বাচিত চেয়ারম্যানগণ সমাজ বা রাষ্ট্র বিরোধী কোন কাজ না করার শপথ গ্রহণ করেছেন। তৃণমূল পর্যায়ের সকল উন্নয়ন ও কর্মকান্ডের কেন্দ্র হচ্ছে ইউনিয়ন পরিষদ বা ইউপি চেয়ারম্যান। উপজেলা পরিষদ, পাবনা সদরের পক্ষ হতে নবনির্বাচিত ইউনিয়ন চেয়ারম্যনগণকে ফুলের তোরা দিয়ে শুভেচ্ছা জানানো হয়। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনাকে অনুরোধ জানানো হয়।

**০২। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

গত ২০/০১/২০২২ তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে বলে সকল সদস্য অভিমত প্রকাশ করায় গত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**০৩। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের পুর্নবাসনের জন্য সেমিপাকাঘর নির্মাণ ঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যলয়ের আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় সারাদেশ ব্যাপী "ক" শ্রেণির ভূমিহীন ও গৃহহীনদেরকে গৃহনির্মাণের মাধ্যমে পুনর্বাসন কর্মসূচি গৃহীত হয়েছে। উক্ত কর্মসূচির আওতায় ৩য় পর্যায়ে পাবনা সদর উপজেলার হিমাইতপুর ইউনিয়নে ৪৫ টি গৃহ নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। ঘর নির্মাণ কার্যক্রম পরিদর্শন করার জন্য সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ কর হয়।

**০৪। স্ট্যান্ডিং কমিটিসমূহের কার্যক্রম পর্যালোচনা ঃ**

পাবনা সদর উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করা হয়। সকল দপ্তরের উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সকল উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সভাপতি ও সদস্য-সচিবকে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর বরাবর পাঠানোর জন্য অনুরোধ করা হয়।

**দায়িত্ব ঃ** সংশ্লিষ্ট উপজেলা (স্ট্যান্ডিং) কমিটির সদস্য-সচিব।

০৫। **পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি ঃ**

পাবনা সদর উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভায় আলোচনা করা হয়। পাবনা সদর উপজেলার বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতি বেশ ভাল। ২৬/১২/২০২১ তারিখে পাবনা সদর উপজেলায় ভাঁড়ারা ইউনিয়ন ব্যতিত ০৯ টি ইউনিয়ন পরিষদ সাধারন নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। ০৭ টি ইউনিয়নে নতুন চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। স্ব-স্ব ইউনিযনের আইন শৃঙ্খলার দিকে বিশেষ নজর দেয়ার জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি পুলিশিং ব্যবস্থা থাকায় ইউপি চেয়ারম্যানগণ বিচার সালিশ কার্যক্রমে তাৎক্ষনিকভাবে পুলিশি সহায়তা পাচ্ছেন। ফলে ইউনিয়ন পর্যায়ে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটছে। যে কোন মূল্যে এই ভাল অবস্থাকে বজায় রাখতে হবে। বর্তমানে দেশে নারী নির্যাতন ও ধর্ষন বৃদ্ধি পেয়েছে। নারী দ্বাড়া নারী নির্যাতনের ঘটনা ঘটছে যা খুবই দুঃখজনক। পুলিশের একার পক্ষে নারী নির্যাতন ও ধর্ষনের মত অপরাধ নির্মুল করা সম্ভব নয়। এ জন্য প্রয়োজন পারিবারিক শিক্ষা, সর্ম্পক ও সম্প্রীতি। নারী নির্যাতনের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলতে হবে। বর্তমান সরকার ধর্ষনের শাস্তি মৃত্যুদন্ড করেছেন। তাই ধর্ষনের বিরুদ্ধে সবাইকে সজাগ ও সতর্ক থাকতে হবে।

০৬। **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ঃ**

উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভাকে অবহিত করেন যে প্রতি অর্থ বছরে উপজেলা পরিষদ ভবন ও বাসা বাড়ী মেরামত বাবদ বিধি মোতাবেক ১০ (দশ লক্ষ) টাকা ব্যয় করা যায়। চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এখাতে কোন অর্থ ব্যয় হয়নি। অদ্য ১৪/০২/২০২২ তারিখে উপজেলা রাজস্ব তহবিলের বর্তমান স্থিতির পরিমান=২৩৯৫৩৪৪১/৭৯ (দুই কোটি উন্নচল্লিশ লক্ষ টাকা/৩৪ পয়সা) মাত্র। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন, তার বাসভবনটি সরেজমিন থেকে মেঝে নিচুঁ হওয়ায় বর্ষাকালে মেঝে পানিতে নিমজ্জিত হয়। ভবনটির পশ্চিমপাশে ছোট বড় অনেকগুলি ভাঙ্গা বা গর্তের সৃষ্টি হয়েছে, প্লাস্টার খুলে গিয়েছে, বর্তমানে জরুরী ভিত্তিতে ভবনটি মেরামত, সেনেটারি ওয়েরিং, টাইলস, ইলেক্ট্রিক কাজ ও রং করা প্রয়োজন। সভাকে তিনি আরোও বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং অফিস কক্ষসংলগ্ন কিচেনরুম জরুরীভাবে সংস্কার করা প্রয়োজন। প্লাস্টার, জানালা, গ্রীল ভেঙ্গে গেছে। অফিস কক্ষে প্লাস্টার খসে গেছে, রং উঠে গেছে। উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে অফিসকক্ষ এবং বাসভবন-মেরামতের জন্য নিম্নবর্ণিত ০৩ টি প্রকল্প সভায় উপস্থাপন করা হয়।

| ক্র: নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পাবনা সদর | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত, সেনেটারি ওয়েরিং, ইলেক্ট্রিক কাজ | ২.০০<br>(দুই লক্ষ) | পিআইসি ঃ<br>(১) মোঃ মোতাহার হোসেন, চেয়ারম্যান, গয়েশপুর ইউপি- প্রকল্প সভাপতি<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর- সদস্য সচিব<br>(৩) উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর- সদস্য<br>(৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সদস্য<br>(৫) প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য<br>(৬) মোঃ আজিজুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী- এলজিইডি, পাবনা সদর, সদস্য<br>(৭) মোঃ হাবিবুর রহমান, ইমাম, উপজেলা পরিষদ, জামে মসজিদ, পাবনা সদর- সদস্য |

| ক্র: নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দকৃত অর্থ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | পাবনা সদর | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন টাইলস ও রংকরণ কাজ | ২.০০ (দুই লক্ষ) | পিআইসি ঃ (১) মো: আলী হাসান, চেয়ারম্যান, দোগাছী ইউপি- প্রকল্প সভাপতি (২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর- সদস্য সচিব (৩) উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর- সদস্য (৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সদস্য (৫) প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য (৬) মোঃ আজিজুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী- এলজিইডি, পাবনা সদর, সদস্য (৭) মোঃ হাবিবুর রহমান, ইমাম, উপজেলা পরিষদ, জামে মসজিদ, পাবনা সদর- সদস্য |
| ০৩ | পাবনা সদর | উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ এবং অফিস কক্ষসংলগ্ন কিচেনরুম জরুরীভাবে সংস্কার | ২.০০ (দুই লক্ষ) | পিআইসি ঃ (১) মো: ওমর ফারুক, চেয়ারম্যান, দাপুনিয়া ইউপি- প্রকল্প সভাপতি (২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর- সদস্য সচিব (৩) উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর- সদস্য (৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সদস্য (৫) প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়- সদস্য (৬) মোঃ আজিজুর রহমান, উপ-সহঃ প্রকৌশলী- এলজিইডি, পাবনা সদর, সদস্য (৭) মোঃ হাবিবুর রহমান, ইমাম, উপজেলা পরিষদ, জামে মসজিদ, পাবনা সদর- সদস্য |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে উল্লিখিত প্রকল্প ০৩টি উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিডি, পাবনা সদর, পাবনা।

০৭। **উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ঃ**

(ক) ঃ উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, অদ্য ১৪/০২/২০২২ খ্রি: তারিখে উপজেলা উন্নয়ন তহবিলে বর্তমান স্থিতির পরিমাণ=৫৭৩০৫১৪৩/৭৩ (পাঁচ কোটি তিয়াত্তর লক্ষ পাঁচ হাজার একশত তেতাল্লিশ টাকা /৭৩ পয়সা) মাত্র। ২০২১-২০২২ অর্থ বছরে ১০ টি ইউনিয়নের উন্নয়ন প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে ১০ টি ইউনিয়ন পরিষদ হতে উন্নয়ন প্রকল্পের তালিকা চেয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**দায়িত্ব** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিডি, পাবনা সদর, পাবনা।

০৮। **হাট বাজার ব্যবস্থাপনা** ঃ সভাকে অবহিত করা হয় যে, পাবনা সদর উপজেলায় ১৪২৯ বাংলা সনের জন্য ১৮ টি হাট বাজার ইজারা প্রদানের লক্ষে দরপত্র আহবান করা হয়েছে। আগামী ১৭/০২/২০২২ তারিখ দরপত্র বিক্রয়ের শেষ দিন ধার্য্য আছে। দরপত্র দাখিলের জন্য ২০/০২/২০২২ তারিখ বেলা ১.০০ টা সময় ধার্য্য করা হয়েছে।

০৯। **বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা** ঃ (ক) ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত নবনির্বাচিত চেয়ারম্যানগনকে পাবনা সদর উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জানান। পাশাপাশি নিয়মিত স্ট্যান্ডিং কমিটির সভা করার জন্য হস্তান্তরিত ১৭ টি বিভাগের অফিস প্রধানগণকে অনুরোধ করা হয়।

**(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা এর পক্ষে ডা: প্রসেনজিৎ সভায় বলেন যে, বর্তমানে করোন ভাইরাস নমুনা সংগ্রহের হার খুবই কম হওয়ার কারনে সনাক্তও কম। পাবনা সদর উপজেলায় ৬৮% ১ম ডোজ প্রদান করা হয়েছে। আগামী মার্চ/২০২২ মাসের মধ্যে ৮০ % মানুষকে করোনা টিকা প্রদান লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। করোনার ঢেউ বর্তমানে নিম্নমুখী। তবুও সবাইকে সতর্ক থাকতে হবে। সবাইকে মাস্ক ব্যবহার করতে হবে।

**(গ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**ঘ) উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। সেচ স্কীমগুলো চালুর ক্ষেত্রে বিদ্যুৎ বিভ্রাট না হয় সেদিকে সতেষ্ট থাকতে হবে। দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পুর্ণতা অর্জন করেছে।

**(ঙ) উপজেলা মৎস্য বিভাগ** ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা,পাবনা সদর, পাবনা সভায় বলেন যে তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(চ) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর** ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। আগামী ১৬/০২/২০২২ তারিখ পাবনা সদর উপজেলা পরিষদ চত্ত্বরে প্রাণি সম্পদ মেলা অনুষ্ঠিত হবে। তিনি সবাইকে মেলা দেখার আমন্ত্রণ জানান।

**(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস** ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, ইজিপিপি তালিকা করা হয়েছে। এবারে শ্রমিকদের মুজুরী মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শ্রমিকদের হিসাবে সরাসরি জমা হবে। এই প্রকল্পে শ্রমিকদের মথাপিছু মুজুরি ২০০ টাকার স্থলে ৪০০/= (চারশত) টাকা নির্ধারন করা হয়েছে। সরকারের সামাজিক নিরাপত্ত কর্মসূচীর একটি অংশ। নিয়োজিত শ্রমিকদের মধ্যে কমপক্ষে ৩০% নারী শ্রমিক দ্বারা প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে্ কোনভাবেই ভেকু বা অন্যকোন যন্ত্র দ্বারা মাটি কাটার কাজ করা যাবে না। কেননা প্রকল্পটির মূল উদ্দেশ্য গ্রামের অতিদরিদ্র মানুষের কর্মসংস্থান সৃষ্টি করা। সভায় তিনি আরোও বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে পাবনা সদর উপজেলায় বরাদ্দ প্রাপ্ত ৪৫ টি ভূমিহীন ও গৃহহীন ক শ্রেণীর বাস গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। বাসগৃহ নির্মাণ কাজ পরিদর্শনের জন্য তিনি সবাইকে আহ্বান জানান।

**(জ) উপজেলা সমাজ সেবা বিভাগ** ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(ঝ) উপজেলা শিক্ষা বিভাগ** ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ে মেরমত কাজের জন্য বরাদ্দ পাওয়া

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরে ১০ টি ইউনিয়ন পরিষদ হতে উন্নয়ন প্রকল্পের তালিকা চেয়ে পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
**দায়িত্ব** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিডি, পাবনা সদর, পাবনা।

০৮। **হাট বাজার ব্যবস্থাপনা ঃ** সভাকে অবহিত করা হয় যে, পাবনা সদর উপজেলায় ১৪২৯ বাংলা সনের জন্য ১৮ টি হাট বাজার ইজারা প্রদানের লক্ষে দরপত্র আহবান করা হয়েছে। আগামী ১৭/০২/২০২২ তারিখ দরপত্র বিক্রয়ের শেষ দিন ধার্য্য আছে। দরপত্র দাখিলের জন্য ২০/০২/২০২২ তারিখ বেলা ১.০০ টা সময় ধার্য্য করা হয়েছে।

০৯। **বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা** ঃ (ক) ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত নবনির্বাচিত চেয়ারম্যানগনকে পাবনা সদর উপজেলা পরিষদের পক্ষ হতে শুভেচ্ছা জানান। পাশাপাশি নিয়মিত স্ট্যান্ডিং কমিটির সভা করার জন্য হস্তান্তরিত ১৭ টি বিভাগের অফিস প্রধানগণকে অনুরোধ করা হয়।

**(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা এর পক্ষে ডাঃ প্রসেনজিৎ সভায় বলেন যে, বর্তমানে করোন ভাইরাস নমুনা সংগ্রহের হার খুবই কম হওয়ার কারনে সনাক্তও কম। পাবনা সদর উপজেলায় ৬৮% ১ম ডোজ প্রদান করা হয়েছে। আগামী মার্চ/২০২২ মাসের মধ্যে ৮০ % মানুষকে করোনা টিকা প্রদান লক্ষ্যমাত্রা ধার্য্য করা হয়েছে। করোনার ঢেউ বর্তমানে নিম্নমুখী। তবুও সবাইকে সতর্ক থাকতে হবে। সবাইকে মাস্ক ব্যবহার করতে হবে।

**(গ) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**ঘ) উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। সেচ স্কীমগুলো চালুর ক্ষেত্রে বিদ্যুৎ বিভ্রাট না হয় সেদিকে সতেষ্ট থাকতে হবে। দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পুর্ণতা অর্জন করেছে।

**(ঙ) উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা,পাবনা সদর, পাবনা সভায় বলেন যে তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(চ) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তার দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই। আগামী ১৬/০২/২০২২ তারিখ পাবনা সদর উপজেলা পরিষদ চত্তরে প্রাণি সম্পদ মেলা অনুষ্ঠিত হবে। তিনি সবাইকে মেলা দেখার আমন্ত্রণ জানান।

**(ছ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, ইজিপিপি তালিকা করা হয়েছে। এবারে শ্রমিকদের মুজুরী মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে শ্রমিকদের হিসাবে সরাসরি জমা হবে। এই প্রকল্পে শ্রমিকদের মথাপিছু মুজুরি ২০০ টাকার স্থলে ৪০০/= (চারশত) টাকা নির্ধারন করা হয়েছে। সরকারের সামাজিক নিরাপত্ত কর্মসূচীর একটি অংশ। নিয়োজিত শ্রমিকদের মধ্যে কমপক্ষে ৩০% নারী শ্রমিক দ্বারা প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে হবে কোনভাবেই ভেকু বা অন্যকোন যন্ত্র দ্বারা মাটি কাটার কাজ করা যাবে না। কেননা প্রকল্পটির মূল উদ্দেশ্য গ্রামের অতিদরিদ্র মানুষের কর্মসংস্থান সৃষ্টি করা। সভায় তিনি আরোও বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে পাবনা সদর উপজেলায় বরাদ্দ প্রাপ্ত ৪৫ টি ভূমিহীন ও গৃহহীন ক শ্রেণীর বাস গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। বাসগৃহ নির্মাণ কাজ পরিদর্শনের জন্য তিনি সবাইকে আহবান জানান।

**(জ) উপজেলা সমাজ সেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(ঝ) উপজেলা শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, প্রাথমিক বিদ্যালয়ে মেরমত কাজের জন্য বরাদ্দ পাওয়া

গেছে। ইউনিয়ন পরিষদে বরাদ্দপত্রের কপি প্রেরণ করা হবে। প্রাথমিক বিদ্যালয়ের মেরামত কাজগুলি পরিদর্শনের জন্য সংশ্লিষ্ট সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

**(ঞ) উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাবনা সদর, পাবনা গত সভায় অনুপস্থিত থাকার জন্য ক্ষমা প্রার্থনা করেন। তার বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**(ট) উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এবং ঋণ বিতরণের কার্যক্রমও চলমান আছে। দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিক। কোন সমস্যা নেই।

**(ঠ) উপজেলা প্রকৌশল অধিদপ্তর (স্থানীয় সরকার বিভাগ) ঃ** উপজেলা সহকারি প্রকৌশলী, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি খাতে ০৩ কিস্তিতে ৭২.৬৬(লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। অর্থ বছরে আরোও ০১ কিস্তি বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দকৃত অর্থ দ্বারা উন্নয়ন প্রকল্প গ্রহণ করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন। জাইকা এবং এলজিএসপি প্রকল্পের কাজ চলমান রয়েছে।

**(ড) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরঃ** উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ঢ) উপজেলা সমবায় অধিদপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি ৩য় পর্যায়ে নিবন্ধনযোগ্য সমিতির সংখ্যা ৬০ টি। এর মধ্যে নিবন্ধনকৃত সমিতির সংখ্যা ৫৬ টি, নিবন্ধন প্রক্রিয়াধীন সমিতির সংখ্যা ০৪ টি। তিনি আরোও বলেন যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ণ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। দাপ্তরিক কাজে কোন সমস্যা নাই।

**(ত) উপজেলা পরিবেশ ও বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(থ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** মোঃ হাফিজুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শারিরিক উপস্থিতির মাধ্যমে ক্লাস বন্ধ রয়েছে। অন লাইনে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে।

**(দ) উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য পরিদর্শক, পাবনা সদর, পাবনা সভায় সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(ধ) উপজেলা নির্বাচন অফিস ঃ** উপজেলা নির্বাচন কর্মকর্তা, পাবনা সদর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার বক্তব্য জানা গেল না।

**(ন) আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী পাবানা সদর, পাবনা সভায় বলেন যে, সমিতি গঠনে জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার প্রতি বিশেষ গুরুত্বারোপ করেন এবং প্রদত্ত ঋণের টাকা আদায়ে তিনি সকল ইউপি চেয়ারম্যানের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

**(প) ইউজিডিপি সংক্রান্ত কার্যক্রম আলোচনাঃ** উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর, পাবনা সদর, পাবনা জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" কর্তৃক বাস্তবায়নাধীন পাবনা সদর উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প সমূহ প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ০৫ টি প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। তিনি আরও বলেন যে, অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০২ টি উপ-প্রকল্প প্রস্তাবনা (৪র্থ পর্যায়) অনুমোদন হয়েছে। এখন অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক ০২ টি প্রকল্প নির্বাচন করে অনুমোদনের লক্ষ্যে প্রকল্প অফিসে প্রেরণ করার জন্য উপস্থিত সকল সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

(ফ) **উপজেলা আনসার ও ভিডিপি অফিস ঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই।

(ব) **উপজেলা আইসিটি বিভাগ ঃ** সহকারি প্রোগ্রামার, আইসিটি, পাবনা সদর, পাবনা সভায় বলেন যে, রেজুলেশন ডিজিটালাইজেশন করতে হবে এবং সকল অফিসের ওয়েবপোর্টাল হালনাগাদ করতে হবে। যে সকল দপ্তরে ই-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে সে সকল দপ্তরের অফিশিয়াল কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে হবে। যদি ই-নথিতে কোন সমস্যা হয় তাহলে সহকারি প্রোগ্রামার, আইসিটি, পাবনার সহিত যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়। এছাড়াও অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে অফিস প্রধানগণ জানান।

১০। বিবিধ ঃ আলোচনা (১) ঃ উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা জানান যে, গত ২০/০১/২০২১ তারিখ হতে অদ্যবধি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নিম্নবর্ণিত ব্যয় সম্পন্ন করা হয়েছে। ব্যয়োত্তর অনুমোদনের জন্য প্রস্তাব করেন।

| হিসাব নং | তারিখ | ব্যয়ের বিবরণ | টাকা |
|---|---|---|---|
| জনতা ব্যাংক লিঃ<br>নূরপুর শাখা, চলতি হিসাব নং-০১০০০৩৭৯৪০০২৪ | ০১/০২/২০২২ | (ক) উপজেলা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জানুয়ারী/ ২০২২ মাসের সম্মানী ও ভ্রমন ভাতা | ১১৮৫০০ |
| | | (খ) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী, মালি ও অফিস সহায়কগণকে জানুয়ারী/ ২০২২ মাসের মজুরী প্রদান | ২০০২০ |
| | | (গ) জানুয়ারী/২০২১ মাসের আপ্যায়ন খরচ | ৩৮০০০ |
| | | (ঘ) উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত | ২৫০০০ |
| | | (ঙ) উপজেলা পরিষদ হলরুম মেরামত | ২৫০০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপরোক্ত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।

আলোচনা (২) ঃ উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আলহাজ্ব মো: মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা জনাব শামসুন নাহার মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পাবনা সদর, এবং জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) ভাইস চেয়ারম্যান এর জানুয়ারী-ফেব্রুয়ারী/২০২২ মাসের দৈনিক ভাতা বিল দাখিল করেছেন। যা নিম্নরুপ-
আলহাজ্ব মো: মোশারোফ হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা এর দৈনিক ভাতা বিলঃ

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | প্রাপ্য |
|---|---|---|---|
| ২২/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৬২৫/- |
| ২৩/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | ------ঐ------ | ৬২৫/- |
| ২৫/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ২৮/১/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ০১/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |

| | | | |
|---|---|---|---|
| ০৩/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ০৫/০২/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ০৭/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ০৮/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১০/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১১/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| ১২/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৬২৫/- |
| | | মোট | ৭৫০০/ |

মহিলা ভাইস চেয়ারম্যান শামসুন নাহার এর দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | ভাতা |
|---|---|---|---|
| ২২/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৫০০ |
| ২৩/১/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৮/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০১/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৩/০২/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৫/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| | | | |
|---|---|---|---|
| ০৭/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৮/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১০/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১১/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১২/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| মোট | | | ৬০০০ |

ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস)- দৈনিক ভাতা বিল

| তারিখ | ভ্রমন বিবরনী | ভ্রমনের মাধ্যম | ভাতা |
|---|---|---|---|
| ২২/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | জীপগাড়ী যোগে | ৫০০ |
| ২৩/১/২০২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১০-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৫/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ২৮/১/২০২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দোগাছী ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০১/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে আতাইকুলা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৩/০২/২২ | বেলা ১০-৩০ টায় কর্মস্থল হতে ভাড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৫/০২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে মালিগাছা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৭/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে ভাঁড়ারা ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ০৮/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে গয়েশপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |

| | | | |
|---|---|---|---|
| ১০/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে দাপুনিয়া ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১১/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| ১২/২/২২ | বেলা ১১-০০ টায় কর্মস্থল হতে হিমায়েতপুর ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন শেষে রাত্রি ১১-০০ টায় প্রত্যাবর্তন। | -------ঐ------ | ৫০০ |
| মোট | | | ৬০০০ |

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০৯/১২/২০২১ তারিখের ৪৬.০৪৬.০২২.০০.০০২.২০১২.৬৯২ নং অফিস আদেশের বিধান অনুসারে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন, মহিলা ভাইস চেয়ারম্যান, পাবনা সদর, পাবনা জনাব শামসুন নাহার এবং ভাইস চেয়ারম্যান জনাব মোঃ গোলাম আজম (শাওয়াল বিশ্বাস) এর উপস্থাপিত উপরোক্ত বিলসমূহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

দায়িত্বঃ (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা
(২) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর, পাবনা

আলহাজ্ব মোঃ মোশারোফ হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পাবনা সদর, পাবনা

উপজেলা পরিষদ কার্যালয়

পাবনা সদর, পাবনা

www.pabnasadar.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৫৫.০০০.৩৯.০০৫.২০. ১৬৪ তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭২, পাবনা-৫।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৪। জেলা প্রশাসক,পাবনা।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পাবনা।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।

৭। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,পাবনা সদর, পাবনা।

৯। উপজেলা ---------------------------------------------------কর্মকর্তা (সকল), পাবনা সদর,পাবনা।

১০। চেয়ারম্যান,--------------------------------------------------ইউ,পি, (সকল), পাবনা সদর,পাবনা।

১৪.০২.২২

তাহমিনা আক্তার রেইনা
উপজেলা নির্বাহী অফিসার
পাবনা সদর, পাবনা
ফোনঃ ০৭৩১-৬৫৪০৩
email: unopabna@mopa.gov.bd